

B.Ed. 3rd Semester Examination, 2021**Pedagogy of Language : Bengali****Course : 1.3.7B (Part-II)****Time: 1½ Hours****Full Marks: 35**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

বিভাগ-ক**(মান : ১০)**

[নীচের প্রশ্নগুলি থেকে **যে কোনো পাঁচটি** প্রশ্নের উত্তর দিন, প্রতিটি ৫০ শব্দের মধ্যে।] $2 \times 5 = 10$

- ১। ক) ভাষা-সাহিত্য চর্চায় সাহিত্যসভার গুরুত্বটি সংক্ষেপে বুঝিয়ে দিন।
- খ) আধুনিক বাংলা ব্যাকরণ-ভিত্তিক বিতর্কিত প্রসঙ্গ অবলম্বনে কোনো বিতর্ক-সভার জন্য দুটি বিষয়ের লিখিত রূপ নির্মাণ করুন।
- গ) ভাষা শিক্ষায় নাট্যরূপায়ণের দুটি উপযোগিতা উল্লেখ করুন।
- ঘ) বাংলা ভাষা ও সাহিত্য শিক্ষণ-শিখন প্রক্রিয়ায় ব্যবহার করা যেতে পারে এমন দুটি অভিধান গ্রন্থের শিরোনাম এবং সেগুলির সংকলকের নাম লিখুন।
- ঙ) 'e-book' কী?
- চ) সৃজনশীল লিখনের সঙ্গে ভাষা-সাহিত্য শিক্ষার সম্পর্কটি সংক্ষেপে বুঝিয়ে দিন।
- ছ) বাংলা ভাষা ও সাহিত্য চর্চায় মেলা ও প্রদর্শনীর দুটি গুরুত্ব নির্দেশ করুন।

বিভাগ-খ**(মান : ১৫)**

[নীচের প্রশ্নগুলি থেকে **যে কোনো তিনটি** প্রশ্নের উত্তর দিন, প্রতিটি ১৫০ শব্দের মধ্যে।] $5 \times 3 = 15$

- ২। মাধ্যমিক বিদ্যালয়স্তরের কোনো একটি বাংলা পদ্য বা গদ্যের দৃষ্টান্তসহ শিক্ষণবিদ্যাসম্মত বিশ্লেষণের ধাপগুলির সংক্ষিপ্ত পরিচয় দিন। ৫
- ৩। শিক্ষামূলক ভ্রমণ কীভাবে ভাষাশিক্ষায় কার্যকরী ভূমিকা নিতে সক্ষম, সে বিষয়ে আলোকপাত করুন। ৫
- ৪। 'নাট্যীকরণ' কাকে বলা হয়? দৃষ্টান্তসহ কোনো বাংলা কবিতার নাট্যীকরণের প্রাথমিক শর্তগুলির বিবরণ দিন। ৫
- ৫। ভূমিকায়ন শিক্ষণের সুবিধা ও অসুবিধাগুলি লিখুন। $2\frac{1}{2} + 2\frac{1}{2}$
- ৬। নির্দেশনামূলক উদ্দেশ্য (আচরণগত) সম্পর্কে উদাহরণসহ ব্যাখ্যা করুন। ৫

Turn Over

বিভাগ-গ
(মান : ১০)

[নীচের প্রশ্নগুলি থেকে যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন ৩০০ শব্দের মধ্যে] ১×১০=১০

- ৭। মাধ্যমিক বিদ্যালয়স্তরের বাংলা পাঠ্যপুস্তক পর্যালোচনায় কোন্ কোন্ দিকগুলি বিচার্য, তা সূত্রাকারে লিপিবদ্ধ করুন। ১০
- ৮। মাধ্যমিক পর্যায়ে বাংলা বিষয়ের (পদ্য/গদ্য) যে কোনো একটি একক অবলম্বনে শিক্ষাবিজ্ঞানভিত্তিক পাঠ-বিশ্লেষণ করুন (নির্দেশ অনুযায়ী)
- একক, উপএকক, পিরিয়ড সংখ্যা
 - কাম্য আচরণগত উদ্দেশ্য
 - পাঠদান সম্পর্কিত সমার্থক উদ্ধৃতি (দুটি)